

# 🗏 ইয়াসীন | Ya-Sin | ৯০০

আয়াতঃ ৩৬:৫৮

## 💵 আরবি মূল আয়াত:

# سَلَمٌ قُولًا مِّن رَّبٍّ رَّحِيمٍ ﴿٥٨﴾

#### 🗚 অনুবাদসমূহ:

অসীম দয়ালু রবের পক্ষ থেকে বলা হবে, 'সালাম'। — আল-বায়ান
দয়াময় প্রতিপালকের পক্ষ থেকে তাদেরকে 'সালাম' বলে সম্ভাষণ করা হবে। — তাইসিরুল
পরম দয়ালু রবের পক্ষ হতে তাদেরকে বলা হবে 'সালাম'। — মুজিবুর রহমান
[And] "Peace," a word from a Merciful Lord. — Sahih International

৫৮. পরম দয়ালু রবের পক্ষ থেকে সালাম, (সাদর সম্ভাষণ বা নিরাপত্তা)।

তাফসীরে জাকারিয়া

### (৫৮) পরম দয়ালু প্রতিপালকের পক্ষ হতে তাদেরকে বলা হবে 'সালাম' (শান্তি)। [1]

[1] আল্লাহর এই সালাম ফিরিশতাগণ জান্নাতীগণের নিকট পৌঁছে দেবেন। অনেকে বলেন যে, আল্লাহ তাআলা নিজে সরাসরি তাদেরকে সালাম দিয়ে সম্মানিত করবেন।

তাফসীরে আহসানূল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=3763

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন